

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ৩৬

া আরবি মূল আয়াত:

وَ إِذَا رَأَكَ الَّذِينَ كَفَرُوا إِن يَّتَّخِذُونَكَ إِلَّا هُزُوًا ١ اَهٰذَا الَّذِي يَذَكُنُ الْهَرُونَ الرَّحمٰنِ هُم كُفِرُونَ ﴿٣٤﴾ اللَّحمٰنِ هُم كُفِرُونَ ﴿٣٤﴾

আর যারা কুফরী করে তারা যখন তোমাকে দেখে তখন তোমাকে কেবল উপহাসের পাত্র হিসেবে গ্রহণ করে। তারা বলে, 'এ কি সেই ব্যক্তি, যে তোমাদের দেবতাদের সমালোচনা করে?' অথচ তারাই 'রহমান'-এর আলোচনার বিরোধিতা করে। — আল-বায়ান

কাফিররা যখন তোমাকে দেখে, তখন তারা তোমাকে একমাত্র উপহাসের পাত্র হিসেবেই গণ্য করে। (আর তারা বলে) 'এই কি সেই লোক যে তোমাদের দেবতাগুলোর ব্যাপারে কথা বলে? অথচ এই লোকগুলোই 'রহমান' (শব্দটির) উল্লেখকে অগ্রাহ্য করে। — তাইসিকল

কাফিরেরা যখন তোমাকে দেখে তখন তারা তোমাকে শুধু বিদ্রুপের পাত্র রূপেই গ্রহণ করে। তারা বলেঃ এই কি সে যে তোমাদের দেবতাগুলির সমালোচনা করে? অথচ তারাইতো 'রাহমান' এর উল্লেখের বিরোধিতা করে। — মজিবর রহমান

And when those who disbelieve see you, [O Muhammad], they take you not except in ridicule, [saying], "Is this the one who insults your gods?" And they are, at the mention of the Most Merciful, disbelievers. — Sahih International

* রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কাফিরদের দেবতাদের অস্বীকার করতেন বলে তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সমালোচনা করত। আবার তাঁরাই একমাত্র ইলাহ আল্লাহর গুণবাচক নাম 'রহমান' শব্দটি শুনতেই চাইতো না। এটি চূড়ান্ত পর্যায়ের অজ্ঞতা ও স্ববিরোধিতা। আল-কুরতুবী।

৩৬. আর যারা কুফরি করে, যখন তারা আপনাকে দেখে, তখন তারা আপনাকে শুধু বিদ্রুপের পাত্ররূপেই গ্রহণ করে। তারা বলে, এ কি সে, যে তোমাদের দেব-দেবীগুলোর সমালোচনা করে? অথচ তারাই তোরহমান তথা দয়াময়ের স্মরণে কুফরী করে।(১)

(১) অর্থাৎ মূর্তি ও বানোয়াট ইলাহদের বিরোধিতা তাদের কাছে এত বেশী অগ্রীতিকর যে, এর প্রতিশোধ নেবার জন্য আপনার প্রতি ঠাট্টা-বিদ্রুপ ও অবমাননা করে, কিন্তু তারা যে আল্লাহ বিমূখ এবং আল্লাহর নামোল্লেখে ক্রোধে অগ্নিশর্মা হয়, নিজেদের এ অবস্থার জন্য তাদের লজ্জাও হয় না। যেমন অন্য আয়াতে এসেছে, "আর তারা যখন



আপনাকে দেখে, তখন তারা আপনাকে শুধু ঠাট্টা-বিদ্রুপের পাত্ররূপে গণ্য করে বলে, এ-ই কি সে, যাকে আল্লাহ রাসূল করে পাঠিয়েছেন? সে তো আমাদেরকে আমাদের উপাস্যগণ হতে দূরে সরিয়েই দিত, যদি না আমরা তাদের আনুগত্যের উপর অবিচল থাকতাম। আর যখন তারা শাস্তি প্রত্যক্ষ করবে, তখন জানতে পারবে কে অধিক পথভ্রষ্ট।" [সূরা আল-ফুরকান: ৪১–৪২]

তাফসীরে জাকারিয়া

- (৩৬) অবিশ্বাসীরা যখন তোমাকে দেখে, তখন তারা তোমাকে শুধু বিদ্রূপের পাত্ররূপেই গ্রহণ করে; তারা বলে, 'এই কি সেই, যে তোমাদের উপাস্যগুলির সমালোচনা করে?' অথচ তারাই পরম করুণাময়ের আলোচনার বিরোধিতা করে থাকে। [1]
 - [1] এর পরেও তারা রাসুলুল্লাহ (সাঃ)-কে নিয়ে বিদ্রূপ-ঠাট্টা করে? যেমন অন্যত্র বলেছেন, ﴿وَإِذَا رَأُوْكَ إِنَ اللَّهُ وَسُولًا عَنْ اللَّهُ رَسُولًا عَنْ اللَّهُ وَسُولًا ﴿ وَاللَّهُ مَا اللَّهُ وَاللَّهُ وَسُولًا ﴿ وَاللَّهُ مَا اللَّهُ وَاللَّهُ وَسُولًا ﴿ وَاللَّهُ وَلَّا اللَّهُ وَاللَّهُ وَاللَّالِمُ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَلَّا اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَلَّا اللَّ

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2519

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন